

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
পরিদর্শক (বরিশাল) শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলি রোড, ঢাকা
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০০.০১০.০০.০০০৩.২৫.১৯৩

তারিখ: ১৩ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
২৬ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: ভোলা জেলার তজুমদ্দিন উপজেলাধীন উত্তর চাঁচড়া মোহাম্মদিয়া ফাজিল মাদ্রাসার গভর্নিং বডিতে বিদ্যোৎসাহী সদস্য মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: (১) উত্তর চাঁচড়া মোহাম্মদিয়া ফাজিল মাদ্রাসা, তজুমদ্দিন, ভোলা এর আবেদনের ডকেট: ১৩৬১, তারিখ: ০৮/০২/২০২৬খ্রি.

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪; তারিখ: ০৯.০৯.২০১৫খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, বিষয়োক্ত মাদ্রাসার গভর্নিং বডিতে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক একজন বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের নিমিত্ত সূত্রোক্ত ১ নং স্মারকে বর্ণিত মাদ্রাসার অধ্যক্ষ কর্তৃক ০৩ (তিন) জনের নামের প্রস্তাব সম্বলিত একটি আবেদন মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে দাখিল করা হয়েছে।

০২. অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনান্তে সূত্রোক্ত ২ নং স্মারকের ১৬ নং অনুচ্ছেদে (ফাযিল ও কামিল মাদ্রাসায় বিদ্যোৎসাহী সদস্য পদে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন দান) বর্ণিত ক্ষমতা বলে নিম্নে বর্ণিত ব্যক্তিকে বর্ণিত মাদ্রাসার গভর্নিং বডির বিদ্যোৎসাহী সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনয়ন দেয়া হলো-

মনোনিত বিদ্যোৎসাহী প্রতিনিধি ও পিতার নাম	ঠিকানা	শিক্ষাগত যোগ্যতা	পেশা
মো: মোশারফ হোসেন পিতা: মৃত আব্দুল হাসেম	০৭ নং ওয়ার্ড, শান্তপুর, খাসের হাট, তজুমদ্দিন, ভোলা	এমএ	ব্যবসা

উল্লেখ্য, রাষ্ট্রীয় নিয়ম শৃঙ্খলা ও স্বার্থ পরিপন্থী কোন কর্মকান্ডের জন্য মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর সদস্য পদ যে কোন সময় বাতিল করতে পারে।



২৬-০২-২০২৬
ইমন আমির
পরিদর্শক


অধ্যক্ষ, উত্তর চাঁচড়া মোহাম্মদিয়া ফাজিল মাদ্রাসা, তজুমদ্দিন, ভোলা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০০.০১০.০০.০০০৩.২৫.১৯৩/১ (৩)

তারিখ: ১৩ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
২৬ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, ভোলা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। এবং
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।।



২৬-০২-২০২৬
ইমন আমির
পরিদর্শক